গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পরশুরাম, ফেনী
parshuram.feni.gov.bd

**আগামী ১৭ মার্চ, ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :**

সভাপতি : তানিয়া ভূঁইয়া, উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:), পরশুরাম, ফেনী
সভার স্থান : উপজেলা অফির্সাস ক্লাব মিলনায়তন, পরশুরাম, ফেনী
তারিখ ও সময় : ১২ মার্চ ২০২৪ সময় : সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বক্তব্যের প্রারম্ভে তিনি উল্লেখ করেন আগামী ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। সভায় তিনি শিশু দিবসের তাৎপর্য তুলে ধরে দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করতে সকলের মতামত আহবান করেন। অত:পর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বিগত ১৩/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং ১০ মার্চ ২০২৪ তারিখ অনুষ্ঠিত জেলা প্রশাসক, ফেনী মহোদয়ের সিদ্ধান্তের আলোকে উপজেলা পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে বিস্তারিত আলোচনাক্রমে সভায় সর্বসম্মতিক্রমে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নিম্নবর্ণিত কর্মসূচিসমুহ গ্রহণ করা হয়।

| তারিখ ও সময় | কর্মসূচি | | স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|
| ১৬ মার্চ ২০২৪<br>সকাল ১০:০০ ঘটিকা | ক (শিশু শ্রেণি-৩য় শ্রেণি)<br>খ (৪র্থ শ্রেণি-৬ষ্ঠ শ্রেণি)<br>গ (৭ম শ্রেণি-১০ম শ্রেণি)<br>ঘ (১ম শ্রেণি-১০ম শ্রেণি) বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য | চিত্রাঙ্কন (ইচ্ছেমত)<br>চিত্রাঙ্কন (জন্মদিনের আনন্দ)<br>চিত্রাঙ্কন (বঙ্গবন্ধু ও বাংলাদশের উন্নয়ন)<br>চিত্রাঙ্কন (ইচ্ছেমত) | উপজেলা অফির্সাস ক্লাব মিলনায়তন, পরশুরাম ফেনী | বাংলাদেশ শিশু একাডেমি, পরশুরাম, ফেনী |
| সকাল ১০:৪৫ ঘটিকা | ক (৫ম শ্রেণি-৭ম শ্রেণি)<br>খ (৮ম শ্রেণি-১০ম শ্রেণি) | রচনা (বঙ্গবন্ধুর বাল্যজীবন, ৬০০ শব্দ)<br>রচনা (বঙ্গবন্ধু ও বর্তমান বাংলাদেশ) | | |
| ১৭ মার্চ ২০২৪<br>সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ত্বশাসিত, বেসরকারি ভবন ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন<br>(সূর্যোদয়ের সাথে সাথে পতাকা বিধি অনুসারে) | | স্ব-স্ব প্রতিষ্ঠান | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান ও ভবন |
| ১৭ মার্চ ২০২৪<br>সকাল ১০:০০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | | বঙ্গবন্ধুর ম্যুরাল উপজেলা পরিষদ চত্বর পরশুরাম, ফেনী | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৭ মার্চ ২০২৪<br>সকাল ১১:০০ | আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ | | উপজেলা অফির্সাস ক্লাব মিলনায়তন, পরশুরাম ফেনী | উপজেলা প্রশাসন পরশুরাম, |
| ১৭ মার্চ ২০২৪<br>সকাল ১১:৩০ | বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী সারাদিনব্যাপী প্রদর্শনী এবং বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার ও আলোকচিত্র প্রদর্শনী | | উপজেলা অফির্সাস ক্লাব মিলনায়তন, পরশুরাম ফেনী | উপজেলা প্রশাসন পরশুরাম, ফেনী |
| ১৭ মার্চ ২০২৪<br>দুপুর ১:৩০ ঘটিকা | হাসপাতাল ও এতিমখানায় উন্নতমানের খাবার এবং বিনামূল্যে চিকিৎসা প্রদান | | হাসপাতাল, এতিমখানা ও বিভিন্ন ক্লিনিকসমূহে | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |
| ১৭ মার্চ ২০২৪<br>সুবিধামত সময়ে | মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন | | সকল মসজিদ ও স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান | স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান/ ইসঃ ফাউন্ডেশন |

| নং | কমিটির নাম | সদস্যের নাম ও পদবী | পদবী |
|---|---|---|---|
| (ক) | জাতীয় শিশু দিবস উদযাপন কমিটি (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়) | ১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী<br>৪। সহকারী কমিশনার (ভূমি), পরশুরাম, ফেনী<br>৫। মেয়র, পরশুরাম পৌরসভা, পরশুরাম, ফেনী<br>৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী<br>৭। অধ্যক্ষ, পরশুরাম সরকারী কলেজ, পরশুরাম, ফেনী<br>৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরশুরাম, ফেনী<br>৯। অফিসার ইনচার্জ, পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনী<br>১০। উপজেলা কৃষি অফিসার, পরশুরাম, ফেনী<br>১১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পরশুরাম, ফেনী<br>১২। উপজেলা প্রকৌশলী, পরশুরাম, ফেনী<br>১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পরশুরাম, ফেনী<br>১৪। উপজেলা শিক্ষা অফিসার, পরশুরাম, ফেনী<br>১৫। সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, পরশুরাম,ফেনী<br>১৬। জনাব ইয়াছিন শরীফ মজুমদার, উপজেলা ক্রীড়া সংস্থা, পরশুরাম, ফেনী<br>১৭। সভাপতি/সম্পাদক, পরশুরাম প্রেস ক্লাব-১, প্রেসক্লাব-২ | প্রধান উপদেষ্টা<br>উপদেষ্টা<br>আহবায়ক<br>সদস্য<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ- |
| (খ) | বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি উপ-কমিটি(জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়) | ১। সহকারী কমিশনার(ভূমি), পরশুরাম, ফেনী<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পরশুরাম, ফেনী<br>৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরশুরাম, ফেনী<br>৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পরশুরাম, ফেনী<br>৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পরশুরাম, ফেনী | আহ্বায়ক<br>সদস্য<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ- |
| (গ) | আইন শৃঙ্খলা ও পতাকা উত্তোলন উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়) | ১। অফিসার ইনচার্জ, পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনী<br>২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী<br>৩। প্যানেল মেয়র-১, পরশুরাম পৌরসভা<br>৪। কাউন্সিলর, ৫ নং ওয়ার্ড পরশুরাম পৌরসভা<br>৫। জনাব ইয়াছিন শরীফ মজুমদার, সাধারন সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, পরশুরাম, ফেনী | আহ্বায়ক<br>সদস্য<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ-<br>-ঐ- |
| (ঘ) | রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিচারকমণ্ডলী | ১। জনাব মো: বোরহান উদ্দিন, উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা, পরশুরাম, ফেনী<br>২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পরশুরাম, ফেনী<br>৩। উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, পরশুরাম, ফেনী<br>৪। জনাব কৃষ্ণ মোহন দাস, প্রশিক্ষক, উপজেলা শিশু একাডেমি, পরশুরাম, ফেনী | আহ্বায়ক<br>সদস্য<br>-ঐ-<br>-ঐ- |

<u>সিদ্ধান্তসমূহ :</u>

১। সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, বেসরকারি ভবন ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১৭ই মার্চ, ২০২৪ তারিখে জাতীয় পতাকা উত্তোলন।

২। গুরুত্বপূর্ণ সরকারি আধা- সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল প্রতিষ্ঠান/ভবন মালিকগণকে অনুরোধ জানানো হলো।

৩। রাষ্ট্রীয়ভাবে ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে উপজেলার বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীকে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ এর গৃহীত সকল কর্মসূচিতে বাধ্যতামূলকভাবে উপস্থিত থাকতে হবে।

৪। জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে এবং মুক্তিযুদ্ধে শহিদ/আত্মদানকারী/যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের জন্য মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপসনালয়ে মোনাজাত/প্রার্থনার বিষয়ে ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, পরশুরাম, ফেনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসব মুখর পরিবেশে নিজস্বভাবে বিভিন্ন অনুষ্ঠান, যেমন: আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, রচনা, বিতর্ক ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি ইত্যাদির আয়োজন।

৬। আগামী ১৭ই মার্চ, ২০২৪ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে পরশুরাম উপজেলায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবারাহ নিশ্চিতকরণের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানানো হল।

৭। অনুষ্ঠান চলাকালীন নিরাপত্তা রক্ষায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের ব্যবস্থা করবেন অফিসার ইনচার্জ, পরশুরাম মডেল

থানা, পরশুরাম, ফেনী।

৮। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স, পরশুরাম, ফেনীকে অনুষ্ঠান চলাকালীন ফায়ার সার্ভিস দল প্রস্তুত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

৯। উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচ্য দিবসে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

১০। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ এর কর্মসূচি সফল করার লক্ষ্যে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, পরশুরাম, ফেনী। তাঁকে ১৬ মার্চ ২০২৪ খ্রি: তারিখ **রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠানে** ছাত্র/ছাত্রীর উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হল।

১২। উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধু প্রতিকৃতি ও তার আশ পাশের পানি ছিটানোসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মেয়র, পরশুরাম পৌরসভাকে অনুরোধ জানানো হয়।

অত:পর আর কোন বিষয়ে আলোচনা না থাকায় দিবসটি যথাযথভাবে উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

তানিয়া ভূঁইয়া
উপজেলা নির্বাহীঅফিসার (অ: দা:)
পরশুরাম, ফেনী
ফোন ০২৩৩৪৪৭৫৯০২
Email parashuram.uno@gmail.com

স্মারক নং ০৫.২০.৩০৫১.০০১.১৮.০২৩.২৪-২৯৪

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ / ১২ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১
২। জেলা প্রশাসক, ফেনী
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী। (সকল নেতাকর্মীর উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)
৪। সহকারী কমিশনার (ভূমি), পরশুরাম, ফেনী
৫। মেয়র, পরশুরাম পৌরসভা, পরশুরাম, ফেনী। ( তার অধীন সকল কাউন্সিলর ও নেতাকর্মীগণের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
৭। অফিসার ইনচার্জ, পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনী
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, পরশুরাম, ফেনী। তাঁকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি উদযাপনে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের অনুরোধ জানানো হল।
৯। উপজেলা ......................................কর্মকর্তা, পরশুরাম, ফেনী
১০। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/মুহতামিম/সুপার/ইমাম......................................কলেজ/ বিদ্যালয়/মাদ্রাসা/এতিমখানা/ মসজিদ তাঁকে আবশ্যিকভাবে অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
১১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), পরশুরাম, ফেনী। ( ইউনিয়ন পর্যায়ের সকল নেতাকর্মীর উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিতকরণের অনুরোধসহ)
১২। জনাব ..........................................................................................................পরশুরাম, ফেনী
১৩। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার (অ: দা:)
পরশুরাম, ফেনী